খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

২৮/১০/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোঃ আজমুল হক এর সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে অনুষ্ঠিত কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

**সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :**

১। জনাব মোহাম্মদ মনোয়ার হোসেন, প্রধান রাজস্ব কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।-
২। জনাব মোঃ এজাজ মোর্শেদ চৌধুরী, প্রধান প্রকৌশলী, খুলনা সিটি কর্পোরেশন।-
৩। জনাব মোঃ আব্দুল আজিজ, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) ও প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।-
৪। জনাব এম এম হাফিজুর রহমান, বাজেট কাম একাউন্টস অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।-
৫। জনাব আবির উল জব্বার, চীফ প্লানিং অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।—
৬। ডাঃ শরীফ শাম্মীউল ইসলাম, সহকারী স্বাস্থ্য কর্মকর্তা হিসেবে কর্মরত, খুলনা সিটি কর্পোরেশন।—
৭। ড. পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।—

সভায় শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অত:পর তিনি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | (১.১) নৈতিকতা কমিটির সভা আয়োজন | ২০২১-২২ অর্থ বছরে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে এবং নিয়মিত সভার আয়োজন কার্যক্রম চলমান আছে। এ অর্থ বছরে ১ম কোয়ার্টারের সভা ২২/০৮/২১ তারিখ অনুষ্ঠিত হয়। ৪ কোয়ার্টারে ৪টি সভা অনুষ্ঠিত হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রতি কোয়ার্টারে ত্রৈমাসিক ভিত্তিকে একটি করে ২০২১-২২ অর্থ বছরে মোট ৪টি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |
| ২ | (১.২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রতি কোয়ার্টারে অর্থাৎ তিনমাস অন্তর অন্তর সভা করা হচ্ছে। বিধায় তা বাস্তবায়ন হচ্ছে। নৈতিকতা কমিটির সভা করার দায়িত্ব প্রধান নির্বাহ কর্মকর্তা মহোদয়ের এবং লক্ষ্যমাত্রা ৮০% বাস্তবায়ন করতেই হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নৈতিকতা সভার সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ/শাখা |
| ৩ | (১.৩) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা | সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে ২য় কোয়ার্টারে ১টি করে সভা হবে এবং বছরে ২টি সভা অনুষ্ঠিত হবার লক্ষ্যমাত্রা থাকবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে ২০২১-২২ অর্থ বছরে ১ম সভাটি ১৬ নভেম্বর, ২০২১ তারিখ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |
| ৪ | (১.৪) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সভাপতি মহোদয় বলেন, কেসিসি'র সকল বিভাগ ও শাখার কর্মচারীসহ ওয়ার্ড সচিব ও জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং প্রশিক্ষণ বিষয়ে ফান্ড আছে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সকল বিভাগ ও শাখার কর্মচারীসহ ওয়ার্ড সচিব ও জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য ইতোমধ্যে প্রশিক্ষণ সংক্রান্ত খসড়া সিলেবাস তৈরী হয়েছে। | প্রশাসনিক শাখা |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | | |
| ৫ | (১.৫) কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্য বিধি অনুসরণ/ টিওএন্ডই ভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | সভাপতি মহোদয় বলেন, স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে সরকারি সব প্রোগ্রাম যথাযথ ভাবে পালন করা হয়। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে সরকারি সব প্রোগ্রাম যথাযথ ভাবে পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ১.৫ এ উল্লিখিত নির্দেশনানুসারে প্রধান প্রকৌশলী, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা এবং প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এতদসংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পূর্ত, জনস্বাস্থ্য বিভাগ ও কন: শাখা |
| ৬ | (১.৬) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রীপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করণ। | কর্মপরিকল্পনা ২০২১-২২ অর্থ বছরে ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা ১ম কোয়ার্টার ১৫/০৭/২১, ২য় কোয়ার্টার ১৫/১০/২১, ৩য় কোয়ার্টার ১৫/০১/২২ এবং ৪র্থ কোয়ার্টার ১৫/০৪/২২খ্রিঃ তারিখ। আইটি ম্যানেজারের মাধ্যমে ওয়েব সাইটে আপলোড করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সকল বিভাগ/শাখা এতদসংক্রান্ত কার্যাবলী সম্পাদন এবং ত্রৈমাসিক ভিত্তিতে স্বপ্রমানক প্রতিবেদন প্রশাসনিক শাখায় দাখিল এবং আইটি ম্যানেজারের মাধ্যমে ওয়েব সাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ ও শাখা |
| ৭ | (১.৭) আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক। | ২০২১-২২ অর্থ বছরে জুলাই ২১ হতে জুন ২২ এর মধ্যে কর্মপরিকল্পনা প্রতিবেদন মন্ত্রণালয়ে পাঠাতে হবে। চারটি ফিড ব্যাক দেখাতে হবে। ১ম কোয়ার্টারে ২২/০৮/২১ তারিখের সভায় দেখানো যেতে পারে। ২য় কোয়ার্টারে ৩০/১০/২১, ৩য় কোয়ার্টার ৩০/০১/২২ এবং ৪র্থ কোয়ার্টার ৩০/০৪/২২ লক্ষ্যমাত্রা দেখাতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২১-২২ অর্থ বছরে জুলাই ২১ হতে জুন ২২ এর মধ্যে উল্লিখিত তারিখের মধ্যে দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগ, প্রশাসনিক শাখা |
| ৮ | (১.৮) শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েব সাইটে প্রকাশ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ অর্থ বছরে বিভিন্ন শাখায় যাচাই বাছাই করে সৎলোক নির্বাচন করতে হবে। দুর্নীতিমুক্ত কাজ ও ব্যবহার ভাল হতে হবে। এমন লোকের তালিকা করে পুরষ্কারের ব্যবস্থা করতে হবে এবং উক্ত কার্যক্রমটি ২০২১-২২ অর্থ বছরে ৩০/০৬/২২ এর মধ্যে লক্ষ্যমাত্রা পূরণ করে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে এতদসংক্রান্ত বিষয়ে কেসিসি'র সকল বিভাগ ও শাখা প্রধানগণ ব্যবস্থা গ্রহণ করত সৎ লোকের তালিকা বাছাই পূর্বক সাধারণ প্রশাসনিক শাখায় প্রেরণ করা সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগ, প্রশাসনিক শাখা |
| ৯ | ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন............... <br><br> (২.১) ২০২১-২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েব সাইটে প্রকাশ। | কেসিসি'র ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক ক্রয় পরিকল্পনা করে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র প্রধান প্রকৌশলী ২০২১-২২ অর্থ বছরে কেসিসি'র বার্ষিক ক্রয় পরিকল্পনা করে ওয়েব সাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পূর্ত বিভাগ |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১০ | (২.২) প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ২০২১-২২ অর্থ বছরে ৩০/০৬/২২ তারিখের মধ্যে প্রকল্প পরিচালনা কমিটি PSC'র সভা প্রধান প্রকৌশলীর দায়িত্বে অন্তত: ২০টি এবং PIC'র সভা ১৫টি করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ৩০/০৬/২২ তারিখের মধ্যে প্রধান প্রকৌশলীর দায়িত্বে ২০টি PSC'র সভা ও ১৫টি PIC'র সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। PIC বিষয়ে কেসিসির প্রকল্প পরিচালক-কে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ ও প্রশাসনিক শাখা |
| ১১ | (২.৩) বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | সভায় প্রকাশ পায় যে, ২০২১-২২ অর্থ বছরে প্রধান প্রকৌশলীর দায়িত্ব কেসিসি'র বার্ষিক উন্নয়ন কর্মসূচি ৩০/০৬/২২ তারিখের মধ্যে ১০০% বাস্তবায়ন করতে হবে। কোয়ার্টার ভিত্তিক বিভাজন করে ১ম কোয়ার্টার ১০০%, ২য় কোয়ার্টার ১০০%, ৩য় কোয়ার্টার ১০০% এবং ৪র্থ কোয়ার্টার ১০০% বাস্তবায়ন হতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২১-২২ অর্থ বছরে কেসিসি'র বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রধান প্রকৌশলীর দায়িত্বে ১০০% করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ |
| ১২ | (২.৪)<br>(৩) প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা। | কেসিসি'র সকল প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ার পর প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক ৩০/০৬/২২ তারিখের মধ্যে হস্তান্তর বাস্তবায়ন করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সকল প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ার পর প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) প্রধান প্রকৌশলী/ পিডি/ নির্বাহী প্রকৌশলীর দায়িত্বে ৩০/০৬/২২ তারিখের মধ্যে হস্তান্তর বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ, যানবাহন (গ্যারেজ) ও বিদ্যুৎ শাখাসহ সংশ্লিষ্ট শাখা |
| ১৩ | (৩) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম.........<br>৩.১ বিভাগীয় পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার ও প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ও বিভিন্ন অংশীজনের (৫০জন+৫০জন)<br>অংশগ্রহণে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন। | ২০২১-২২ অর্থ বছরে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা অন্তত: ০২টি আয়োজন করতে হবে। ৬মাসে একটি হিসেবে অর্থ বছরে ২টি প্রশিক্ষণ/কর্মশালার (৫০জন+৫০জন) মোট অংশীজন ১০০জন হবে এবং তাদের তালিকা তৈরি করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২১-২২ অর্থ বছরে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্তে ৬মাস অন্তর ৩০/০৬/২২ তারিখের মধ্যে তালিকা প্রণয়ন পূর্বক ৫০জন করে ২ বারে (৫০×২)=১০০ অংশীজনের সমন্বয়ে প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এতদসংক্রান্তে বিভাগীয় পর্যায়ে সভার করার সিদ্ধান্তও গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৪. | (৩.২) উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য তথ্য প্রযুক্তি নির্ভর পদ্ধতি এমআইএস (MIS) প্রবর্তন। | উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য তথ্য প্রযুক্তি নির্ভর MIS (Management Implementation System) প্রবর্তন করা প্রয়োজন। যতগুলো প্রকল্প আছে সেগুলোর তথ্য চেয়ে চিঠি দিতে হবে এবং মনিটরিং সিস্টেমে আনতে হবে। এ বিষয়ে সফটওয়্যার করে নিতে হবে। এ খাতে প্রয়োজনীয় খরচের টাকা নথিতে নোট দিয়ে অনুমোদন করে নিতে হবে। এ কাজে প্রধান প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) দায়িত্ব পালন করবেন্ | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য তথ্য প্রযুক্তি নির্ভর এমআইএস (MIS) প্রবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। কেসিসি'র প্রধান প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এতদসংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ কাজে প্রয়োজনীয় ব্যয় প্রশাসনিক অনুমোদন করে নিবেন। | পূর্ত বিভাগ, বিদ্যুৎ শাখা |
| ১৫ | (৩.৩) সিটি কর্পোরেশন কর্তৃক অনলাইনে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণের ব্যবস্থা নিশ্চিতকরণ। | মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এ কাজটি এসএনডি সম্পন্ন করছে। আগামি জুন, ২২ মাসের মধ্যে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণ অনলাইনে কার্যক্রম শুরু হবে বলে আশা করা যায়। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ৩০/০৬/২০২২খ্রিঃ তারিখের মধ্যে খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক অনলাইনে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণের ব্যবস্থা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। কেসিসি'র প্রধান রাজস্ব কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এবং আইটি ম্যানেজার এতদসংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | রাজস্ব বিভাগ, বিদ্যুৎ শাখা ও আইটি শাখা |
| ১৬ | (৩.৪) কনফারেন্স রুম ম্যানেজমেন্ট সফটওয়্যার প্রবর্তন | কেসিসিতে কনফারেন্স রুমে সভার বক্তব্য রেকর্ড করা হয় এবং পরে রেকর্ড শুনে রেজুলেশন করা হয়। এ ব্যবস্থার প্রবর্তন করে রুম ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরি করতে হবে এবং অনলাইনে সভা হবে। অন্যত্র সকলই বসে সভা শুনতে বা দেখতে পারবেন। ৩০/০৬/২২ তারিখের মধ্যে এ সংক্রান্ত কাজটি সম্পন্ন করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসিতে কনফারেন্স রুমে সভা করার পদ্ধতি প্রবর্তন করে রুম ম্যানেজমেন্ট সফটওয়্যার পদ্ধতিতে অন লাইনে সভা করার ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংক্রান্তে কাজটি ৩০/০৬/২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। কেসিসি'র নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এবং আইটি ম্যানেজার এতদসংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিদ্যুৎ ও আইটি শাখা |
| ১৭ | (৩.৫) দুর্নীতি বিরোধী দিবস উদযাপন | কেসিসি'র নিজস্ব জনবল দিয়ে ২য় কোয়ার্টারে ১বার দুর্নীতি দিবস উদযাপন করা হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র নিজস্ব জনবল দিয়ে ২য় কোয়ার্টার ১বার দুর্নীতি দিবস উদযাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৮ | | কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ত্রৈমাসিক রিপোর্ট (১ম কোয়ার্টার: জুলাই-সেপ্টেম্বর ২১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণার্থে ০৫/১০/২০২১খ্রিঃ তারিখের মধ্যে কেসিসি'র সকল বিভাগ/সংশ্লিষ্ট শাখা প্রধানগণ নির্ধারিত ফরম পূরণ করত স্ব প্রমাণক প্রতিবেদন সাধারণ প্রশাসনিক শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করবেন। | কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ত্রৈমাসিক রিপোর্ট (১ম কোয়ার্টার: জুলাই-সেপ্টেম্বর ২১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণার্থে ০৫/১০/২০২১খ্রিঃ তারিখের মধ্যে কেসিসি'র সকল বিভাগ/সংশ্লিষ্ট শাখা প্রধানগণ নির্ধারিত ফরম পূরণ করত স্ব প্রমাণক প্রতিবেদন সাধারণ প্রশাসনিক শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ ও সংশ্লিষ্ট শাখা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আজমুল হক
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
খুলনা সিটি কর্পোরেশন

স্মারক নং-কেসিসি/সে:বি:/সা:প্র:শা:/[illegible]/২১-[illegible] তারিখ-২৮/১০/২১

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
২। নৈতিকতা কমিটির সদস্যগণ, খুলনা সিটি কর্পোরেশন।
৩। বিভাগীয় প্রধান (সকল), খুলনা সিটি কর্পোরেশন।
৪। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৫। সংশ্লিষ্ট শাখা প্রধান (সকল), খুলনা সিটি কর্পোরেশন।
৬। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। সি.এ.টু প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৮। সংশ্লিষ্ট নথি।

মোঃ আজমুল হক
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
খুলনা সিটি কর্পোরেশন

D:\Current File\SUDDACHAR\Resulation\7 Resulation- 28.10.21.Docx

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# খুলনা সিটি কর্পোরেশন
## খুলনা

MUJIB 100 "শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

১৯/০১/২২ খ্রিঃ তারিখ বেলা ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব) জনাব লস্কার তাজুল ইসলাম এর সভাপতিত্বে তার দপ্তর কক্ষে অনুষ্ঠিত কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

**সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :**

১। জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব),খুলনা সিটি কর্পোরেশন।
২। জনাব নাজিবুল আলম, নির্বাহী ম্যাজিস্ট্রেট, খুলনা সিটি কর্পোরেশন।
৩। জনাব মোঃ আব্দুল আজিজ, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) ও প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৪। জনাব জাহিদ হোসেন শেখ, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), খুলনা সিটি কর্পোরেশন।
৫। জনাব আবির উল জব্বার, চীফ প্লানিং অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৬। জনাব শেখ মোহাম্মাদ মাসুদ করিম, নির্বাহী প্রকৌশলী-৩, খুলনা সিটি কর্পোরেশন।
৭। জনাব রেজবিনা খানম, আর্কিটেক্ট, খুলনা সিটি কর্পোরেশন।
৮। ডাঃ স্বপন কুমার হালদার, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা হিসেবে কর্মরত, খুলনা সিটি কর্পোরেশন।
৯। ড. পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
১০। জনাব শেখ হাসান হাসিবুল হক, আই.টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন।
১১। জনাব তপন কুমার নন্দী, কালেক্টর অব ট্যাক্সেস, খুলনা সিটি কর্পোরেশন।
১২। জনাব মোঃ হারুন অর রশীদ, লাইসেন্স অফিসার (বানিজ্য) হিসেবে কর্মরত, খুলনা সিটি কর্পোরেশন।

সভায় শুরুতে সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অত:পর, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | (১.১) নৈতিকতা কমিটির সভা আয়োজন | ২০২১-২২ অর্থ বছরে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে এবং নিয়মিত সভা আয়োজনের কার্যক্রম চলমান আছে। এ অর্থ বছরে ১ম কোয়ার্টারের সভা ২২/০৮/২১ তারিখ, ২য় সভা ২৮/১০/২১ তারিখ এবং ৩য় সভা ১৯/০১/২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। ৪ কোয়ার্টারে ৪টি সভা অনুষ্ঠিত হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রতি কোয়ার্টারে ত্রৈমাসিক ভিত্তিকে একটি করে ২০২১-২২ অর্থ বছরে মোট ৪টি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। ৪র্থ সভাটি এপ্রিল ২২ তারিখে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |
| ২ | (১.২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রতি কোয়ার্টারে অর্থাৎ তিনমাস অন্তর অন্তর সভা করা হচ্ছে। বিধায় তা বাস্তবায়ন হচ্ছে। নৈতিকতা কমিটির সভা করার দায়িত্ব প্রধান নির্বাহী কর্মকর্তার এবং লক্ষ্যমাত্রা ৮০% বাস্তবায়ন করতেই হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সংশ্লিষ্ট সকল বিভাগ/শাখা কর্তৃক নৈতিকতা সভার সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ/শাখা |
| ৩ | (১.৩) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা | সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে বছরে ২টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা থাকবে। ইতোমধ্যে ১ম সভাটি গত ১৬ নভেম্বর, ২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে ২০২১-২২ অর্থ বছরে ২য় সভাটি ৪র্থ কোয়ার্টারে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪ | (১.৪) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সভাপতি মহোদয় বলেন, কেসিসি'র সকল বিভাগ ও শাখার কর্মচারীসহ ওয়ার্ড সচিব ও জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং প্রশিক্ষণ বিষয়ে ফান্ড আছে। সভাপতি আরো বলেন যে, কেসিসি'র সকল বিভাগ ও শাখায় ই-নথি কার্যক্রম পূর্ণাঙ্গরূপে বাস্তবায়ন করতে হবে। এছাড়া আইটি বিষয়ক কার্যক্রম আরো গতিশীল ও জোরদার করতে হবে মর্মে তিনি মত প্রকাশ করেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সকল বিভাগ ও শাখার কর্মচারীসহ ওয়ার্ড সচিব ও জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে গত ৩০/১২/২১খ্রিঃ তারিখের কেসিসি/সে:বি:/সা:প্র:শা:/২১-২০৪০নং স্মারকে বাংলাদেশ সরকার ও ইউনিসেফের সহায়তায় জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় কেসিসি'র সম্মানিত কাউন্সিলরসহ ওয়ার্ডের জন্ম-মৃত্যু নিবন্ধনকারীগণ ও অন্যান্য কর্মচারীদের জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উল্লেখ্য ইতোমধ্যে অন্যান্য বিষয়ের উপরে আভ্যন্তরীণভাবে কেসিসি কর্মচারীদের প্রশিক্ষণ সংক্রান্তে খসড়া সিলেবাস তৈরি হয়েছে। এছাড়া ই-নথি কার্যক্রম পূর্ণাঙ্গভাবে বাস্তবায়নের জন্য সকল বিভাগ/শাখা প্রধানগণকে আরো তৎপর হতে হবে এবং আই.টি বিষয়ক কার্যক্রম আরো গতিশীল করার জন্য নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এবং আই.টি ম্যানেজার দ্রুততার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রশাসনিক শাখা |
| ৫ | (১.৫) কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্য বিধি অনুসরণ/ টিওএন্ডইভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | সভাপতি বলেন, স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে সরকারি সব প্রোগ্রাম যথাযথ ভাবে পালন করা হয়। এছাড়া প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এবং প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে স্বাস্থ্য বিধি অনুসরণসহ এতদবিষয়ে প্রশাসনিক শাখায় প্রতিবেদন জমা দিতে হবে। এছাড়া অফিসের টয়লেটসহ ওয়াশরুমের পরিস্কার-পরিচ্ছন্নতা এবং সংস্কার কার্যক্রম আরো বৃদ্ধির জন্য প্রধান প্রকৌশলী এবং প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা-কে তৎপর হতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে স্বাস্থ্য বিষয়ক ও পরিস্কার পরিচ্ছন্নতা ও অফিসের টয়লেটসহ ওয়াশরুমের সংস্কার কার্যক্রমকে আরো বেগবান করতে হবে। এছাড়া এ বিষয়ে সরকারি সব প্রোগ্রাম যথাযথ ভাবে পালন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ১.৫ এ উল্লিখিত নির্দেশনানুসারে প্রধান প্রকৌশলী, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা এবং প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এতদসংক্রান্তে জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পূর্ত, জনস্বাস্থ্য বিভাগ ও কন: শাখা |
| ৬ | (১.৬) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রীপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করণ। | কর্মপরিকল্পনা ২০২১-২২ অর্থ বছরে ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা ১ম কোয়ার্টার ১৫/০৭/২১, ২য় কোয়ার্টার ১৫/১০/২১, ৩য় কোয়ার্টার ১৫/০১/২২ এবং ৪র্থ কোয়ার্টার ১৫/০৪/২২খ্রিঃ তারিখ। আইটি ম্যানেজারের মাধ্যমে ওয়েব সাইটে আপলোড করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সকল বিভাগ/শাখা এতদসংক্রান্ত কার্যাবলী সম্পাদন এবং ত্রৈমাসিক ভিত্তিতে স্বপ্রমানক প্রতিবেদন প্রশাসনিক শাখায় দাখিল এবং আইটি ম্যানেজারের মাধ্যমে ওয়েব সাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ ও শাখা |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৭ | (১.৭) আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক। | ২০২১-২২ অর্থ বছরে জুলাই ২১ হতে জুন ২২ এর মধ্যে কর্মপরিকল্পনা প্রতিবেদন মন্ত্রণালয়ে পাঠাতে হবে। চারটি ফিড ব্যাক দেখাতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২১-২২ অর্থ বছরে জুলাই ২১ হতে জুন ২২ এর মধ্যে উল্লিখিত তারিখের মধ্যে দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে গত ২২/০৮/২০২১খ্রিঃ তারিখে বিকাল ৪-০০ ঘটিকায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ সংক্রান্তে ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২১) প্রতিবেদনের উপর ১১/১০/২১খ্রিঃ তারিখ এবং ৩য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২১) প্রতিবেদনের উপর ১১/০১/২২খ্রিঃ তারিখ ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। | সংশ্লিষ্ট বিভাগ, প্রশাসনিক শাখা |
| ৮ | (১.৮) শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েব সাইটে প্রকাশ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ অর্থ বছরে বিভিন্ন শাখায় যাচাই বাছাই করে সৎলোক নির্বাচন করতে হবে। দুর্নীতিমুক্ত কাজ ও ব্যবহার ভাল হতে হবে। এমন লোকের তালিকা করে পুরস্কারের ব্যবস্থা করতে হবে এবং উক্ত কার্যক্রমটি ২০২১-২২ অর্থ বছরে ৩০/০৬/২২ এর মধ্যে লক্ষ্যমাত্রা পূরণ করে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে এতদসংক্রান্ত বিষয়ে কেসিসি'র সকল বিভাগ ও শাখা প্রধানগণ ব্যবস্থা গ্রহণ করত সৎ লোকের তালিকা বাছাই পূর্বক আগামী ২৮/০৪/২০২২খ্রিঃ তারিখের মধ্যে সাধারণ প্রশাসনিক শাখায় প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ/শাখা |
| ৯ | ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন..............<br><br>(২.১) ২০২১-২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েব সাইটে প্রকাশ। | কেসিসি'র ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক ক্রয় পরিকল্পনা করে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র প্রধান প্রকৌশলী ২০২১-২২ অর্থ বছরে কেসিসি'র বার্ষিক ক্রয় পরিকল্পনা করে ওয়েব সাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পূর্ত বিভাগ |
| ১০ | (২.২) প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ২০২১-২২ অর্থ বছরে ৩০/০৬/২২ তারিখের মধ্যে প্রকল্প পরিচালনা কমিটি PSC'র সভা প্রধান প্রকৌশলীর দায়িত্বে অন্তত: ২০টি এবং PIC'র সভা ১৫টি করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ৩০/০৬/২২ তারিখের মধ্যে প্রধান প্রকৌশলীর দায়িত্বে ২০টি PSC'র সভা ও ১৫টি PIC'র সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য ২য় কোয়ার্টারে PSC'র ১টি এবং PIC'র ২টি সভা হয়েছে। এতদবিষয়ে উভয় সভার কার্যক্রম আরো জোরদার করার জন্য কেসিসি'র প্রধান প্রকৌশলী দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পূর্ত বিভাগ ও প্রশাসনিক শাখা |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১১ | (২.৩) বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | সভায় প্রকাশ পায় যে, ২০২১-২২ অর্থ বছরে প্রধান প্রকৌশলীর দায়িত্ব কেসিসি'র বার্ষিক উন্নয়ন কর্মসূচি ৩০/০৬/২২ তারিখের মধ্যে ১০০% বাস্তবায়ন করতে হবে। কোয়ার্টার ভিত্তিক বিভাজন করে ১ম কোয়ার্টার ১০০%, ২য় কোয়ার্টার ১০০%, ৩য় কোয়ার্টার ১০০% এবং ৪র্থ কোয়ার্টার ১০০% বাস্তবায়ন হতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২১-২২ অর্থ বছরে কেসিসি'র বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রধান প্রকৌশলীর দায়িত্বে ১০০% করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ |
| ১২ | (২.৪)<br>(৩) প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা। | কেসিসি'র সকল প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ার পর প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক ৩০/০৬/২২ তারিখের মধ্যে হস্তান্তর বাস্তবায়ন করতে হবে। উল্লেখ্য, প্রকল্পের গাড়ীসহ প্রকল্পভূক্ত অন্যান্য যন্ত্রপাতি ও আসবাবপত্র সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ফেরত দিবেন। গাড়ী নিয়ে তিনি বা তার প্রতিনিধি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ফেরত দিতে যাবেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সকল প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ার পর প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) প্রধান প্রকৌশলী/ পিডি/ নির্বাহী প্রকৌশলী তথা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ নিজে বা তার প্রতিনিধির দায়িত্বে ৩০/০৬/২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে হস্তান্তর বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ, যানবাহন (গ্যারেজ) ও বিদ্যুৎ শাখাসহ সংশ্লিষ্ট শাখা |
| ১৩ | (৩) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম.........<br>৩.১ বিভাগীয় পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার ও প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ও বিভিন্ন অংশীজনের (৫০জন+৫০জন)<br>অংশগ্রহণে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন। | ২০২১-২২ অর্থ বছরে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা অন্তত: ০২টি আয়োজন করতে হবে। ৬মাসে একটি হিসেবে অর্থ বছরে ২টি প্রশিক্ষণ/কর্মশালার (৫০জন+৫০জন) মোট অংশীজন ১০০জন হবে এবং তাদের তালিকা তৈরি করতে হবে। ইতোমধ্যে গত ২৯/১২/২১খ্রিঃ তারিখে কেসিসিতে দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত ১ম কর্মশালাটি অনুষ্ঠিত হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২১-২২ অর্থ বছরে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্তে ২য় কর্মশালাটি ৪র্থ কোয়ার্টারে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |
| ১৪ | (৩.২) উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য তথ্য প্রযুক্তি নির্ভর পদ্ধতি এমআইএস (MIS) প্রবর্তন। | উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য তথ্য প্রযুক্তি নির্ভর MIS (Management Implementation System) প্রবর্তন করা প্রয়োজন। যতগুলো প্রকল্প আছে সেগুলোর তথ্য চেয়ে চিঠি দিতে হবে এবং মনিটরিং সিস্টেমে আনতে হবে। এ বিষয়ে সফটওয়্যার করে নিতে হবে। এ খাতে প্রয়োজনীয় খরচের টাকা নথিতে নোট দিয়ে অনুমোদন করে নিতে হবে। এ কাজে প্রধান প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এবং আই.টি ম্যানেজার দায়িত্ব পালন করবেন। এতদবিষয়ে নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) বলেন, অত্র কার্যক্রমটি পূর্ণাঙ্গরূপে বাস্তবায়নার্থে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য তথ্য প্রযুক্তি নির্ভর এমআইএস (MIS) প্রবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। কেসিসি'র প্রধান প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এবং আই.টি ম্যানেজার এতদসংক্রান্তে দ্রুততার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ কাজে প্রয়োজনীয় ব্যয় প্রশাসনিক অনুমোদন করে নিবেন। | পূর্ত বিভাগ, বিদ্যুৎ শাখা, আই.টি শাখা |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৫ | (৩.৩) সিটি কর্পোরেশন কর্তৃক অনলাইনে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণের ব্যবস্থা নিশ্চিতকরণ। | মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এ কাজটি এসএনভি সম্পন্ন করছে। আগামি জুন, ২২ মাসের মধ্যে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণ অনলাইনে কার্যক্রম শুরু হবে বলে আশা করা যায়। নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) বলেন, অনলাইন ট্রেড লাইসেন্স কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে আছে এবং এতদবিষয়ে এসএনভি'র সমন্বয়ক জনাব ইরফান আহম্মেদ খান এর সাথে আলোচনা পূর্বক এতদসংক্রান্ত কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ৩০/০৬/২০২২খ্রিঃ তারিখের মধ্যে খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক অনলাইনে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণের ব্যবস্থা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। কেসিসি'র প্রধান রাজস্ব কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এবং আইটি ম্যানেজার এতদসংক্রান্তে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | রাজস্ব বিভাগ, বিদ্যুৎ শাখা ও আইটি শাখা |
| ১৬ | (৩.৪) কনফারেন্স রুম ম্যানেজমেন্ট সফটওয়্যার প্রবর্তন | কেসিসিতে কনফারেন্স রুমে সভার বক্তব্য রেকর্ড করা হয় এবং পরে রেকর্ড শুনে রেজুলেশন করা হয়। এ ব্যবস্থার প্রবর্তন করে রুম ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরি করতে হবে এবং অনলাইনে সভা হবে। অন্যত্র সকলই বসে সভা শুনতে বা দেখতে পারবেন। ৩০/০৬/২২ তারিখের মধ্যে এ সংক্রান্ত কাজটি সম্পন্ন করতে হবে। আইটি ম্যানেজার বলেন, ইতোমধ্যে কনফারেন্স রুম ম্যানেজমেন্ট এর জন্য গুগল শীট ব্যবহার করে পরীক্ষামূলকভাবে কাজটি করা হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসিতে কনফারেন্স রুমে সভা করার পদ্ধতি প্রবর্তন করে রুম ম্যানেজমেন্ট সফটওয়্যার পদ্ধতিতে অন লাইনে সভা করার ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংক্রান্তে কাজটি ৩০/০৬/২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। কেসিসি'র নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এবং আইটি ম্যানেজার এতদসংক্রান্তে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিদ্যুৎ ও আইটি শাখা |
| ১৭ | (৩.৫) দুর্নীতি বিরোধী দিবস উদযাপন | কেসিসি'র নিজস্ব জনবল দিয়ে ২য় কোয়ার্টারে ১বার দুর্নীতি দিবস উদযাপন করা হবে। | কেসিসি'র নিজস্ব জনবল দিয়ে গত ০৯/১২/২১খ্রিঃ তারিখ কেসিসিতে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উদযাপিত হয়। | প্রশাসনিক শাখা |
| ১৮ | | কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ত্রৈমাসিক রিপোর্ট (৩য় কোয়ার্টার: জানু-মার্চ ২২) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণার্থে ০৫/০৪/২০২২খ্রিঃ তারিখের মধ্যে কেসিসি'র সকল বিভাগ/সংশ্লিষ্ট শাখা প্রধানগণ নির্ধারিত ফরম পূরণ করত স্ব প্রমাণক প্রতিবেদন সাধারণ প্রশাসনিক শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করবেন। | কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ত্রৈমাসিক রিপোর্ট (৩য় কোয়ার্টার: জানুয়ারি-মার্চ, ২২) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণার্থে ০৫/০৪/২০২২খ্রিঃ তারিখের মধ্যে কেসিসি'র সকল বিভাগ/সংশ্লিষ্ট শাখা প্রধানগণ নির্ধারিত ফরম পূরণ করত স্ব প্রমাণক প্রতিবেদন সাধারণ প্রশাসনিক শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ ও সংশ্লিষ্ট শাখা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০১/২২

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯

স্মারক নম্বর-কেসিসি/সে:বি:/সা:প্র:শা:/III-১২৯৬(অংশ-৪)/২২-১৭৮ তারিখ-১৯/১/২০২২

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
২। নৈতিকতা কমিটির সদস্যগণ, খুলনা সিটি কর্পোরেশন।
৩। বিভাগীয় প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৪। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৫। সংশ্লিষ্ট শাখা প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৬। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সি.এ.টু প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৮। সংশ্লিষ্ট নথি।

১৯/০১/২২

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯